

# হলভিত্তিক আয়োজনে মাতলো খুবি ক্যাম্পাস

খুবি প্রতিনিধি

প্রকাশিত: ২২:৩৯, ৮ নভেম্বর ২০২৪



খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) খানজাহান আলী হলে শিক্ষার্থীদের নানা আয়োজনে দু'দিনব্যাপী 'জশন-এ-খাজা' অনুষ্ঠিত হয়েছে।

আয়োজনের প্রথম দিন বৃহস্পতিবার (০৭ নভেম্বর) কাওয়ালী সন্ধ্যায় কাসিদা ব্যান্ডে পরিবেশনা এবং শুক্রবার (০৮ নভেম্বর) সকালে রঙ উৎসব, দুপুরে প্রীতিভোজ ও সন্ধ্যা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের পাশাপাশি জনপ্রিয় সব গান পরিবেশন করেন বিভিন্ন ব্যান্ডের শিল্পীরা। তাদের পরিবেশনায় মেতে ওঠে গোটা খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।

এ উপলক্ষে শুক্রবার রাত ৮টায় কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধা অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. রেজাউল করিম। এসময় তিনি বলেছেন ছাত্র-জনতার আত্মত্যাগে আমরা নতুন বাংলাদেশ পেয়েছি। এখন সবকিছু নতুনভাবে হচ্ছে

খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের হলভিত্তিক এ সব আয়োজন অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোতে প্রশংসিত হচ্ছে। অতীতে খুলনা বিশ্ববিদ্যালয়ে সব ধরনের অনুষ্ঠানে সুশৃঙ্খল পরিবেশ বজা ছিল। এ ধারা অব্যাহত রাখতে হবে। সেইসাথে এ ধরনের অনুষ্ঠানের সুযোগ নিয়ে কেউ যাবে মাদকসহ অন্যান্য অপরাধে জড়িত না হতে পারে সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন খানজাহান আলী হলের প্রভোস্ট প্রফেসর ড. মো. খসরু আলম ও ছাত্র বিষয়ক পরিচালক প্রফেসর ড. মো. নাজমুস সাদাত। এ সময় হলের শিক্ষার্থীসংল্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে গত ২৭ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের খান বাহাদুর আহছানুল্লা হলে কাওয়ালী সন্ধ্যা গুরু-খাসি ভোজ, গত ২৮ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলে বাউল সন্ধ্যা ও নবাবী খানা আয়োজন করা হয়। এছাড়া গত ০২ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা হলে অনন্যা উন্মেষ অনুষ্ঠিত হয়।

রাজু